

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৪.০৩৮.১৯-১২৭৮

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

বিষয়: ২০২০-২১ অর্থ বছরের এডিপিতে বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'বরিশাল শহরের জলবায়ু পরিবর্তন অভিযোজিত নগর উন্নয়ন প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড: ২২৪২৮১০০০) অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১ম-২য় কিস্তির অর্থ অবমুক্তি।

স্থানীয় সরকার বিভাগের ১৪ ডিসেম্বর ২০২০ তারিখে ৪৬.০০.০০০০.০৭০.১৪.০৩৮.১৯-১২৭৭ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হইতে ২৫% স্থগিতপূর্বক বরিশাল সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করিতেছি:

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিপিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	ঋণের অর্থের পরিমাণ	বিনিয়োগের অর্থের পরিমাণ	অনুদানের অর্থের পরিমাণ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
বরিশাল সিটি কর্পোরেশন	'বরিশাল শহরের জলবায়ু পরিবর্তন অভিযোজিত নগর উন্নয়ন প্রোগ্রাম' শীর্ষক প্রকল্প (কোড নং: ২২৪২৮১০০০)	অনুমোদিত	১ম-২য় কিস্তি (জিওবি)	-	-	-	৭৫.০০ লক্ষ টাকা	০.০০ লক্ষ	৭৫.০০ লক্ষ (পঁচাত্তর লক্ষ) টাকা

(ক) উপরোক্ত অর্থ অনুদান/ বিনিয়োগ/ ঋণ হিসাবে দেওয়া হইল।

(খ) এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২০-২১) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নং- ১৩৭০১) বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'বরিশাল শহরের জলবায়ু পরিবর্তন অভিযোজিত নগর উন্নয়ন প্রোগ্রাম' শীর্ষক প্রকল্প (কোড নং: ২২৪২৮১০০০) হইতে বহন করা হইবে।

২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।

৩। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না।

৪। এই আদেশ অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী নিম্নোক্ত শর্তে জারি করা হল:

- হাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করিতে হইবে;
- হাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন ২০২১ এর মধ্যে ট্রেজারি চালানযোগে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- হাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন;
- অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাইবে না;
- প্রকল্প সংশ্লিষ্ট সকল টেন্ডার ই-জিপি'র মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

৫। এই বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে সংস্থার মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন এই অর্থ উত্তোলন করিতে পারিবেন।

আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫


ই-মেইলঃ lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৪.০৩৮.১৯-১২৭৮/১(১০)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১ শাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. মেয়র, বরিশাল সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, নগর ভবন, বরিশাল।
৫. উপসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)
৭. প্রকল্প পরিচালক, 'বরিশাল শহরের জলবায়ু পরিবর্তন অভিযোজিত নগর উন্নয়ন প্রোগ্রাম' শীর্ষক প্রকল্প, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
৮. অফিস নথি।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব